

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১১২১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১২২]

পর্ব-১২: তাহবীক (রুকু'তে দু' হাত হাটুদ্বয়ের মাঝে স্থাপন) করা (كتاب التطبيق)

পরিচ্ছেদঃ ৬৩: সিজদায় দুআ করা

بَابُ الدُّعَاءِ فِي السُّجُودِ

আরবী

أَخْبَرَنَا هَنَادُ بْنُ السَّرِيِّ، عَنْ أَبِي الْأَحْوَصِ، عَنْ سَعِيدِ بْنِ مَسْرُوقٍ، عَنْ سَلَمَةَ بْنِ كُهَيْلٍ، عَنْ أَبِي رَشْدِينَ وَهُوَ كُرَيْبٌ عَنْ ابْنِ عَبَّاسٍ، قَالَ: بَتُّ عِنْدَ خَالَتِي مَيْمُونَةَ بِنْتِ الْحَارِثِ وَبَاتَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عِنْدَهَا فَرَأَيْتُهُ قَامَ لِحَاجَتِهِ فَأَتَى الْقِرْبَةَ فَحَلَّ شِنَاقَهَا، ثُمَّ تَوَضَّأَ وَضُوءًا بَيْنَ الْوُضُوءَيْنِ، ثُمَّ أَتَى فِرَاشَهُ فَنَامَ، ثُمَّ قَامَ قَوْمَةً أُخْرَى فَأَتَى الْقِرْبَةَ فَحَلَّ شِنَاقَهَا، ثُمَّ تَوَضَّأَ وَضُوءًا هُوَ الْوُضُوءُ، ثُمَّ قَامَ يُصَلِّي وَكَانَ يَقُولُ فِي سُجُودِهِ: اللَّهُمَّ اجْعَلْ فِي قَلْبِي نُورًا وَاجْعَلْ فِي سَمْعِي نُورًا وَاجْعَلْ فِي بَصَرِي نُورًا وَاجْعَلْ مِنْ تَحْتِي نُورًا وَاجْعَلْ مِنْ فَوْقِي نُورًا وَعَنْ يَمِينِي نُورًا وَعَنْ يَسَارِي نُورًا وَاجْعَلْ أَمَامِي نُورًا وَاجْعَلْ خَلْفِي نُورًا وَأَعْظَمْ لِي نُورًا، ثُمَّ نَامَ حَتَّى نَفَخَ فَاَتَاهُ بِلَالٌ فَأَيْقَظَهُ لِلصَّلَاةِ .

তখরিজ দারالدعوه: صحيح البخارى/الدعوات ١٠ (٦٣١٦)، صحيح مسلم/الحيض ٥

(٣٠٤)، المسافرين ٢٦ (٧٦٣)، سنن ابى داود/الأدب ١٠٥ (٥٠٤٣)، سنن ابن

ماجه/الطهارة ٧١ (٥٠٨)، مسند احمد ١/٢٣٤، ٢٨٣، ٢٨٤، ٣٢٣، (تحفة الأشراف:

(٦٣٥٢) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1122 - صحيح

বাংলা

১১২১. হান্নাদ ইবনু সারী (রহ.) ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আমার খালা মায়মূনাহ্ বিনতু হারিস (রাঃ)-এর নিকট রাত যাপন করলাম। রাসূলুল্লাহ (সা.) ও তাঁর নিকট রাত যাপন করলেন। আমি তাকে দেখলাম, তিনি (সা.) তার প্রয়োজনে উঠে দাঁড়ালেন। তিনি পানির পাত্রের নিকট এসে তার ঢাকনা খুললেন। এরপর তিনি উযূর মঝে আবার উযূ করলেন। পরে তিনি তার বিছানায় এসে নিদ্রা গেলেন। এরপর তিনি আবার ঘুম হতে জাগ্রত হলেন এবং পানির পাত্রের কাছে এসে তার ঢাকনা খুলে পূর্ণ উযূ করলেন (সালাতের উযূর ন্যায়)। অতঃপর দাঁড়িয়ে সালাত আদায় করলেন এবং তিনি তার সিজদায় বলেছিলেন - “আল্লাম-হুম্মাজ আল ফী কলবী নূরন ওয়াজ’আল ফী সাম’ঈ নূরন ওয়াজ’আল ফী বাসারী নূরন ওয়াজ’আল মিন তাহতী নূরন ওয়াজ’আল মিন ফাওকী নূরন ওয়া’আন ইয়ামীনী নূরন ওয়া’আন ইয়াসা-রী নূরন ওয়াজ আল আমা-মী নূরন ওয়াজ আল খলফী নূরন ওয়া আ’যিম লী নূরন” (হে আল্লাহ! আমার হৃদয়ে, আমার কর্ণে, আমার চক্ষুতে, আমার উর্ধ্বে ও নিম্নে, আমার ডানে ও বামে, আমার সামনে ও পিছনে জ্যোতি প্রদান কর, আর আমাকে অধিক অধিক নূর (জ্যোতি) দান কর)। অতঃপর তিনি (সা.) নিদ্রা গেলেন, এমন কি তিনি নাকের শব্দ করলেন। পরে বিলাল (রাঃ) এসে তাকে সালাতের জন্যে জাগালেন।

English

63. The Supplication When Prostrating

It was narrated that Ibn 'Abbas said: I stayed overnight with my maternal aunt Maimunah bin Al-Harith, and the Messenger of Allah (ﷺ) stayed overnight with her. I saw him get up to relieve himself and he went to the waterskin and undid its string, then he performed wudu and that was moderate (in the amount of water used). Then he went to his bed and slept. Then he got up again and went to the waterskin and undid its string, and performed wudu again, like the first time. Then he stood and prayed, and when he prostrated he said: 'Allahummaj'al fi qalbi nuran waj'al fi sami' nuran waj'al fi basri nuran, waj'al min tahti nuran waj'al min fawqi nuran, wa 'an yamii nuran wa 'an yasari nuran waj'al amami nuran, waj'al khalfi nuran wa a'zimli nura (O Allah, place light in my heart, and place light in my hearing, and place light in my seeing, and place light beneath me, and place light above me, and light on my right, and light on my left, and place light behind me, and make the light greater for me.) Then he slept until he started to snore, then Bilal came and woke him up for the prayer.

ফুটনোট

সহীহ: বুখারী ৬৩১৬, মুসলিম ৭৬৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87495>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন